



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর।

ফোন : ০৩৮১-৬১৫২৪, E-mail : laxmipurgovtcollege@gmail.com

website : www.laxmipurgovtcollege.edu.bd, facebook : www.facebook.com/lgc1964



নং- ৬৫

তারিখ : ৩১/০৩/২০২২খ্রি.

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর সরকারি কলেজের দক্ষিণ-পশ্চিম কোণে অবস্থিত একটি পুরাতন একতলা পাকা মসজিদ ঘর (সাইজ ৩৮'X১৬') নিলাম বিক্রয়ের নিমিত্তে গত ১৫/০৩/২০২২খ্রি. তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক নিলামে কেউ অংশ গ্রহণ না করায় পুনঃরায় (২য় বার) নিলাম বিক্রয়ের নিমিত্তে আগামী ১৩/০৪/২০২২খ্রি. সকাল ১১:০০ ঘটিকার সময় নিম্নবর্ণিত শর্তে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

নিলামের শর্তাবলী

- (ক) প্রত্যেক নিলাম ডাককারী অফিস কক্ষে নিলাম পরিচালনা কমিটির আহ্বায়কের নিকট নগদ ১০,০০০/- টাকা (ফেরৎযোগ্য) জামানত জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- (খ) সর্বোচ্চ ডাককারী কর্তৃক নিলামের সমুদয় টাকা নিলাম শেষ হওয়ার ০৩ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
- (গ) নিলামের সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।
- (ঘ) সর্বোচ্চ ডাককারী কর্তৃক নিলামের মোট দরের উপর বিধি-মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- (ঙ) সর্বোচ্চ ডাককারী নিজ দায়িত্বে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পাকা মসজিদ ঘর ও মালামাল অপসারণ করতে বাধ্য থাকবেন।
- (চ) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- (ছ) পুরাতন একতলা পাকা মসজিদ ভবনের নিলামের ভিত্তি মূল্য টাকা = ৫৮,৯৬৪/-

বিতরণঃ

- ০১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ০২। ওয়েবসাইট, লক্ষ্মীপুর সরকারি কলেজ।
- ০৩। নোটিস বোর্ড, লক্ষ্মীপুর সরকারি কলেজ।
- ০৪। নোটিস বোর্ড, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর জেলা।
- ০৫। নোটিস বোর্ড, লক্ষ্মীপুর জেলা প্রশাসকের কার্যালয়।
- ০৬। নোটিস বোর্ড, লক্ষ্মীপুর পৌরসভা।
- ০৭। সংরক্ষণ নথি।


অধ্যক্ষ

লক্ষ্মীপুর সরকারি কলেজ

লক্ষ্মীপুর।

অধ্যক্ষ
লক্ষ্মীপুর সরকারি কলেজ
লক্ষ্মীপুর।